সংবাদ

তারিখ 22 MAR 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ইবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করেছে সচেতন সাধারণ শিক্ষার্থীরা। গত সোমবার সকালে প্রশাসন ভবনের সামনে সচেতন শিক্ষার্থীদের ব্যানারে এ মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সতন্ত্র বেতন স্কেল ও অষ্টম জাতীয় বেতন কাঠামো বাতিলের দাবিতে গতকাল রোববার এক ঘণ্টা এবং সোমবার দুই ঘণ্টা কর্মবিরতি পালন করেছে। এদিকে কর্মকর্তা সমিতি বেতন বৃদ্ধি ও চাকরির বয়সসীমা বৃদ্ধিসহ কয়েকদফা দাবিতে দীর্ঘদিন ধরে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে।

এতে ক্যাম্পাসে একদিকে শিক্ষকরা ক্লাস-পরীক্ষা থেকে বিরত রয়েছে অপরদিকে কর্মকর্তারা তাদের